৫|৬|2000

তারিখ ............
পৃষ্ঠা ..৬.. কলাম ...৭......

# বেড়া উপজেলায় ৫ সহস্রাধিক ছাত্রী ১০ মাস ধরে উপবৃত্তির টাকা পাচ্ছে না

বেড়া (পাবনা) থেকে নিজস্ব সংবাদদাতা ঃ বেড়া উপজেলায় ৫ হাজার ৩শ ২৯ জন ছাত্রী গত ১০ মাস যাবৎ তাদের উপবৃত্তির টাকা পাচ্ছে না। বিশ্বব্যাংকের অর্থ সহায়তায় ফিমেল সেকেন্ডারি স্কুল অ্যাসিস্ট্যান্স প্রজেক্টের আওতায় ছাত্রীদের লেখাপড়ায় উৎসাহ যোগানোর লক্ষ্যে এ উপবৃত্তি দেয়া হচ্ছে।

গত বছরের জুলাই মাস থেকে সংস্থার আর্থিক অনুদান না পাওয়ায় গরিব ছাত্রীদের অনেকে তাদের পাঠ্যবই কিনতে পারেনি।

সংশ্লিষ্ট অফিস সূত্রে জানা যায়, বেড়া উপজেলায় ১৪টি উচ্চ বিদ্যালয় ও ৫টি মাদ্রাসার ষষ্ঠ হতে ১০ম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্রীদের মধ্যে উপবৃত্তি দেয়া হয়। উপবৃত্তির বরাদ্দকৃত অর্থের পরিমাণ যথাক্রমে ষষ্ঠ শ্রেণী মাসিক ২৫ টাকা, ৭ম শ্রেণী ৩০ টাকা, ৮ম শ্রেণী ৩৫ টাকা, ৯ম ও ১০ম শ্রেণীর জন্য মাসিক ৬০ টাকা, এছাড়া ৯ম শ্রেণীর ছাত্রীদের পাঠ্যবই কেনা বাবদ ২শ ৫০ টাকা এবং এসএসসি পরীক্ষার ফরম পূরণের জন্য ২শ ৫০ টাকা দেয়া হয়।

ইতোপূর্বে প্রতি ছ মাস অন্তর উপবৃত্তির অর্থ ছাত্রীদের মধ্যে দেয়া হলেও চলতি অর্থবছরে বিশ্বব্যাংক এ খাতে কোন বরাদ্দ না দেয়ায় উপবৃত্তি প্রদান বন্ধ রয়েছে।